১৫০ বারের বেশি মিথ্যা, প্রশ্নবানে সংবাদ সম্মেলন ছাড়লেন ট্রাম্প

সংবাদ সম্মেলনে আবারও মিথ্যা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট। এ সময় সংবাদকর্মীদের প্রশ্নের তোড়ে সংবাদ সম্মেলন ছেড়ে চলে যান ক্ষুব্ধ প্রেসিডেন্ট। শনিবার নিউজার্সিতে নিজস্ব বেডমিনিস্টারে গলফ ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘটনা ঘটে।

সংবাদ সম্মেলনে ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, ভেটেরানস চয়েস প্রোগ্রাম তিনি পাস করেছিলেন। আদতে সাবেক সেনা কর্মকর্তাদের চিকিৎসা সহায়তা–সংক্রান্ত এই বিলটি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা পাস করেছিলেন। কিন্তু ট্রাম্প অবলীলায় এই বিল পাসের কৃতিত্ব নিজের বলে দাবি করেন। সিএনএনের খবরে বলা হয়েছে, এই একই মিথ্যা দেড়শ’ বারের বেশি ট্রাম্প বলেছেন। বিষয়টি এক সাংবাদিক ধরিয়ে দিলে ট্রাম্প আর কালক্ষেপণ না করে দ্রুত সংবাদ সম্মেলন ছেড়ে চলে যান।

এর আগে সাংবাদিকদের সামনে ট্রাম্প জোর গলায় দাবি করেন, দশকের পর দশ চেষ্টা করেও যুক্তরাষ্ট্রের কোনো প্রেসিডেন্ট ভেটেরানস চয়েজ প্রোগ্রাম পাস করতে পারেননি। কিন্তু আমরা করেছি।

বস্তুত, ২০১৪ সালে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা প্রবীণদের সেনা কর্মকর্তাদের চিকিৎসা সহায়তার বিলে সই করে একে আইনে রূপান্তর করেন। এই আইনের কারণে সাবেক সেনা সদস্যরা ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশনের (ভিএ) বাইরেও সরকারি স্বাস্থ্যসেবার আওতায় আসার সুযোগ পান। আইনটি প্রণয়নে ডেমোক্রেট রিপাবলিকান দুই দলই উদ্যোগই নিয়েছিল। এতে মুখ্য ভূমিকা রেখেছিলেন ভারমন্টের সিনেটর বার্নি স্যান্ডার্স ও অ্যারিজোনার প্রয়াত সিনেটর জন ম্যাককেইন। এই বিলের পক্ষ নেয়ার দুজনকেই শুরু থেকেই নানা ধরনের সমালোচনা শুনতে হয়েছিল। পরে ওবামা বিলটি পাস করান।

এই বিলে ট্রাম্পের অবদান যে একেবারেই নেই তা কিন্তু নয়। পরবর্তীতে ডোনাল্ড ট্রাম্প ভেটেরান–সম্পর্কিত এই আইনে সই করেন ২০১৮ সালে। সেই আইনটি হচ্ছে ভিএ মিশন অ্যাক্ট, যেখানে এই চয়েস প্রোগ্রামের আওতা বাড়ানো হয়েছে। কিন্তু তিনি বরাবরই ভেটেরানস

চয়েস প্রোগ্রাম চালুর কৃতিত্ব দাবি করে আসছেন। সঙ্গে এও বলছেন যে এই আইনটি পাসে তার আগে গত ৫০ বছরে আসা সব মার্কিন প্রেসিডেন্ট ব্যর্থ হয়েছেন।

গতকাল শনিবার এই একই মিথ্যা তিনি আবার বললে সিবিএস নিউজের হোয়েইট হাউস প্রতিনিধি পলা রেইড প্রশ্ন করেন, ভেটেরানস চয়েস প্রোগ্রাম পাস করেছেন বলে আপনি বারবার দাবি করছেন কেন? এ সময় ট্রাম্প অন্য এক সাংবাদিকের কাছ থেকে প্রশ্ন নেয়ার চেষ্টা করেন। তিনি করোনাভাইরাস প্রসঙ্গ উঠান। উদ্দেশ্য ছিল, আলোচনার মোড় ঘুরিয়ে দেয়া। কিন্তু রেইড বলতে থাকেন, ‘আপনি বলছেন যে ভেটেরানস চয়েস পাস করেছেন আপনি। কিন্তু এটি ২০১৪ সালে পাস হয়েছিল। আপনার এই বিবৃতি তো মিথ্যা।’

পলা রেইডের এই বক্তব্যের পর ডোনাল্ড ট্রাম্প থমকে যান। কিছুক্ষণ চুপ করে থেকে বলেন, ‘ঠিক আছে। সবাইকে ধন্যবাদ।’ এই বলে সংবাদ সম্মেলন ইতি টানেন প্রেসিডেন্ট। তিনি বেডমিনিস্টারে গলফ ক্লাব থেকে সোজা বেরিয়ে যান।

সূত্র- যুগান্তর